গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩১০.২০২০ তারিখ- /০৩/২০২২ খ্রিঃ

## ২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি হাসনা বেগম, পিতা: নজরুল ইসলাম, নার্সিং সুপারভাইজার, (সাবেক সিনিয়র স্টাফ নার্স), জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরেবাংলা নগর, ঢাকা ক) গত ১৬/০৫/২০১০ খ্রিঃ তারিখে আপনি এবং আপনার নেতৃত্বে কয়েকজন সিনিয়র স্টাফ নার্স সংগে নিয়ে সেবা পরিদপ্তরে প্রবেশ করে কর্মকর্তা কর্মচারীদের সরকারি কাজে বাধা সৃষ্টি করেন, সাবেক সেবা পরিদপ্তরের টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করেন এবং কর্মচারীদের ভয়ভীতি প্রদর্শন করে ২৪/০৫/২০১০ খ্রিঃ হতে ২৬/০৫/২০১০ খ্রিঃ তারিখ পর্যন্ত ছুটিতে যেতে বাধ্য করেন এবং এই নৈরাজ্যকর অবস্থা ১৬/০৫/২০১০ খ্রিঃ থেকে ২৯/০৫/২০১০ খ্রিঃ পর্যন্ত অব্যাহত রাখেন;

খ) গত ১৬/০৭/২০১১ খ্রিঃ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত নার্স সমাবেশ-২০১১ এর অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে নার্সদের অংশগ্রহনে বাধা প্রদান, বিশৃঙ্খলা সৃষ্টি এবং অসহযোগিতা করেন এবং ০৭/০১/২০১১ খ্রিঃ তারিখে ডিপ্লোমা নার্সেস এসোসিয়েশন এর জরুরি সভায় নার্স সমাবেশে না যাওয়ার সিদ্ধান্ত গ্রহন করে বিভিন্ন দপ্তর এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করেন;

২। যেহেতু, উল্লেখিত কারণে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০/০৬/২০১০ খ্রিঃ তারিখের ৪৮২ নং স্মারকপত্রের নির্দেশে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত অসদাচরণের অপরাধে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে গত ০৬/০৭/২০১০ খ্রিঃ তারিখের ২৬৪৭২ নং স্মারকে ১ম বিভাগীয় মামলা এবং ১৩/০৭/২০১১ খ্রিঃ তারিখের ২০২৩৫ নং স্মারকে ২য় বিভাগীয় মামলা দায়ের করে কারন দর্শানো হয়;

৩। যেহেতু, আপনি ১ম বিভাগীয় মামলায় গত ১৯/০৭/২০১০ খ্রিঃ তারিখে এবং ২য় বিভাগীয় মামলায় গত ২৪/০৭/২০১১ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিল করেন;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য সেবা পরিদপ্তর (বর্তমানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর) এর ০৬/০৯/২০১১ খ্রিঃ তারিখের ২১০২১ নং স্মারকে তদন্ত বোর্ড গঠন করা হয় এবং তদন্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সুস্পষ্ট ভাবে প্রমানিত হয়;

৫। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানির সিদ্ধান্ত গ্রহণ করেন এবং ১৪/০১/২০২১ খ্রিঃ তারিখে আপনার শুনানি গ্রহণ করা হয় এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী পুনরায় তদন্ত বোর্ড গঠন করা হয়;

৬। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত ১৪/০৬/২০২১ খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়েছে;

৭। যেহেতু, সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আপনাকে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী আপনাকে অবিলম্বে বরখাস্ত (Dismissal) করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৮। সেহেতু, কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত গুরুদন্ড আরোপ করা হবেনা, একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক তার লিখিত জবাব অত্র নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে বরখাস্ত করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

প্রাপকঃ জনাব হাসনা বেগম
নার্সিং সুপারভাইজার, (সাবেক সিনিয়র স্টাফ নার্স)

১। কর্মস্থলের ঠিকানা
জনাব হাসনা বেগম
পিতাঃ নজরুল ইসলাম
নার্সিং সুপারভাইজার, (সাবেক সিনিয়র স্টাফ নার্স)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান,
শেরেবাংলা নগর, ঢাকা

২। স্থায়ী ঠিকানা
জনাব হাসনা বেগম
পিতাঃ নজরুল ইসলাম
গ্রাম- ছনকান্দা , পোঃ শ্রীবরদী, থানাঃ শ্রীবরদী, জেলাঃ শেরপুর

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩১০.২০২০ . ১০১১/১(৭)    তারিখঃ ২৪/০৩/২০২২ খ্রিঃ

<u>অনুলিপি</u>: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরেবাংলা নগর, ঢাকা ।

৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪। চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, ঢাকা ।

৫। সহকারি পরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

৬। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরেবাংলা নগর, ঢাকা ।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৪।৩।২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা )
ফোনঃ ০২-৪১০৮০৪১৭